

## শান্তি



### মখদুম আজম মার্শরাফী

আজ তেতাল্লিশ বছর পর কতিপয় মানুষ হঠাৎ জেগে উঠে বললেন, -- “আমি এক বীর মুক্তিযোদ্ধা,

আমি এদেশের স্বাধীনতার জন্য যুদ্ধ করেছি।”

যুদ্ধাহত একজন প্রবীণ প্রকৃত মুক্তিযোদ্ধা আহত বিস্ময়ে প্রশ্ন করলেন,

জনাব, এতদিন কোথায় ছিলেন?

চোখে অপার বিস্ময়, হৃদয়ে রক্তক্ষরণের বেদনায় দুমড়ে যেতে যেতে বললেন,

হায় আল্লাহ রাব্বুলালমিন,

শুনেছি তুমি সুবিচারের আসনে আসীন, লাল সালুর সুউচ্চ সত্যনিষ্ঠ বিচার মঞ্চের

দুরগত রহস্যে লুকিয়ে তুমি করো সত্য রক্ষা আর মিথ্যার বিনাশ।

তার বুড়ো পঁাজরের ভেতর জ্বলে ওঠা লেলিহান আগুন

দাহ করে চললো সত্য বোধ, সঙ্গত বিশ্বাস,

আর আত্মহত্যার ঐতিহ্যে লেখা সকল তমসুক, দলিল আর খতিয়ান।

হা স্বদেশ, হা আমার আত্মায় প্রোথিত তোর জন্যে প্রেম;

হা মানুষ, হা দেশবাসী,

হা আমার তোমাদের জন্যে ভালবাসা আর বিশ্বাস,

জ্বলে গেল লহমায়, ভস্মীভূত হল প্রত্যয়, চূর্ণ হল শহীদানের রক্তে

আমার অন্তর লোকে সময়ে আলগে রাখা স্মৃতির মিনার।

হে রাজাকার,

হে পাক হানাদার বাহিনী,

তোমরা আমাকে খুনি বল, দস্যু বল, গণহত্যাকারী বোলো,

এ এমন দুঃসময়, আমি আজ মাথা পেতে নেবো।

আমার চিরগর্বিত উচ্চ শির আজ ধুলায় লুপ্তিত।

আজ এ গোধূলি বেলায়,

শুধু আমার হাতের তালুতে লেপটে থাকা তোমাদের রক্তের অপরাধ

দয়া করে ক্ষমা করে দিয়ো, আমি শান্তি পাবো।

মেলবোর্ন, ১৮ জুন ২০১৪